

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
সংস্থাপন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mole.gov.bd](http://www.mole.gov.bd)

নম্বর: ৪০.০০.০০০০.০২০.১১.০০২.২৩-৪২৮

তারিখ: ০২ পৌষ ১৪৩০  
১৭ ডিসেম্বর ২০২৩

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৫-১০-২০২৩ তারিখের ৮০.০০.০০০০.২০০.৬৪.০১৪.২২(অংশ)-২৬৮ নং পত্র এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৯-১০-২০২৩ তারিখের ০৫.০০.০০০০.১৪৭.১১.০১০.২২-২৯৪ নং পত্রের মাধ্যমে সুপারিশকৃত নিম্নবর্ণিত প্রার্থীগণকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৯ম গ্রেডডুস্ত ২২০০০-৫৩০৬০/= টাকা বেতন স্কেল এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর-এ নন-ক্যাডার ১ম শ্রেণির 'আইন কর্মকর্তা' পদে নিম্নে উল্লিখিত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:


ক্রম	প্রার্থীর নাম ও স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা	রেজিস্ট্রেশন নং
১.	জনাব মো: নাজমুল ইসলাম পিতা-মো: নুরুল ইসলাম (নুরু) মায়া মঞ্জিল, রোফাবাদ নিউ আ/এলাকা, মাজার গলি, ডাকঘর: আমিন জুট মিলস, থানা: বায়েজীদ বোস্তামী, জেলা: চট্টগ্রাম	মো: নাজমুল ইসলাম ৩/এ, মেট্রো হালিমা, হামদু মিয়া সড়ক, শুলকবহর, কাতালগঞ্জ, ডাকঘর: চকবাজার, থানা: পৌচলাইশ, জেলা: চট্টগ্রাম	১৩০০৯৮৯৬

**শর্তসমূহ:**

- বর্ণিত পদে যোগদানের তারিখ থেকে পরবর্তী দুই বৎসর তীর চাকুরি শিক্ষানবিশকাল হিসাবে গণ্য হবে। সরকার প্রয়োজন মনে করলে তীর এই শিক্ষানবিশকাল সর্বোচ্চ আরও দুই বৎসর বৃদ্ধি করতে পারবে;
- যদি এই শিক্ষানবিশকালে তীর আচরণ ও কার্যাবলী সন্তোষজনক বলে বিবেচিত না হয়, সেক্ষেত্রে সরকার কোন কারণ দর্শানো ব্যতীরেকে তাকে চাকুরি হতে অপসারণ করতে পারবে;
- বর্ণিত পদের জন্য সরকার কর্তৃক বিভিন্ন সময়ে আয়োজিত যাবতীয় প্রশিক্ষণ, বিভাগীয় পরীক্ষা ইত্যাদিতে উত্তীর্ণ হওয়ার পর শিক্ষানবিশকাল সন্তোষজনক বলে প্রতীয়মান হলে তীর চাকুরি স্থায়ী করা হবে;
- এই প্রজ্ঞাপনে নির্দিষ্টভাবে উল্লেখ হয়নি এরূপ ক্ষেত্রে চাকুরি সংক্রান্ত সরকারের অন্যান্য বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ দ্বারা তীর চাকুরি নিয়ন্ত্রিত হবে;
- এ প্রজ্ঞাপন জারীর তারিখ হতে ১৬-০১-২০২৪ তারিখের মধ্যে অফিস চলাকালীন চাকরিতে যোগদান করতে হবে। নির্দিষ্ট সময়ে চাকরিতে যোগদান করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থী চাকুরিতে যোগদানে ইচ্ছুক নন মর্মে এবং তাদের নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে;
- চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না;
- চাকরিতে যোগদানের জন্য তিনি কোনো ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;
- নবনিয়োগপ্রাপ্ত পদে সুপারিশকৃত প্রার্থীকে নির্ধারিত সময়ের মধ্যে মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর, ঢাকা-১০০০ বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।

০২। জনস্বার্থে এ নিয়োগাদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(মুহাম্মদ আশরাফ হোসেন)  
উপসচিব

ফোনঃ +৮৮০২২২৩৩৫৭১৪০  
[section10@mole.gov.bd](mailto:section10@mole.gov.bd)

নম্বর: ৪০.০০.০০০০.০২০.১১.০০২.২৩-৪২৮/(১০)

তারিখ: ০২ পৌষ ১৪৩০  
১৭ ডিসেম্বর ২০২৩

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ৩। মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, বিজয়নগর, ঢাকা।

- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।  
৫। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।  
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।  
৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।  
৮। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
৯। জনাব -----

১০। অফিস কপি/ গার্ড ফাইল।

*ASIS*